গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।
www.dgnm.gov.bd

নং-৪৫.০৩.০০০০.০০১.৯৯.০০১.১৯- ২৩১

তারিখঃ ১২/১০/১৪২৭ বঙ্গাব্দ
২৬/০১/২০২১ খ্রিস্টাব্দ

বিষয়ঃ জনগুরুত্বপূর্ণ সুরক্ষা সংক্রান্ত বিষয় অধিদপ্তরকে অবহিত না করায় ব্যাখ্যাসহ হাজির থাকার নির্দেশ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে কর্মরত একজন সিনিয়র স্টাফ নার্স, জনৈক ডাক্তার কর্তৃক ১৮ ও ১৯ জানুয়ারি ২০২১ তারিখে যৌন হয়রানির স্বীকার হয়েছেন মর্মে সংবাদ মাধ্যম, সোশ্যাল মিডিয়া, অনলাইন পত্রিকা এবং স্থানীয় নার্সিং নেতৃবৃন্দের মাধ্যমে জানা যায়। এ বিষয়ে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল কর্তৃপক্ষ ডাক্তারকে অব্যাহতি দিয়ে ঘটনার বিষয়ে একটি তদন্ত কমিটি গঠন করেছেন। এ জন্য হাসপাতাল কর্তৃপক্ষকে ধন্যবাদ।

২। কিন্তু নার্সিং সেক্টরে কর্মরত সিনিয়র স্টাফ নার্সগণের নিয়ন্ত্রনকারী কর্তৃপক্ষ নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর এ বিষয়ে অফিসিয়ালী অবহিত নন। মাঠ পর্যায়ে এবং সংশ্লিষ্ট হাসপাতাল হতে নার্সিং বিষয়ে যে কোন জনগুরুত্বপূর্ণ বিষয় অধিদপ্তর কে অবহিত করার জন্য জেলা পাবলিক হেল্থ নার্স, বিভাগীয় সহকারী পরিচালক (নার্সিং), সংশ্লিষ্ট হাসপাতালে সেবা তত্ত্বাবধায়ক/ উপসেবা তত্ত্বাবধায়ক/ নার্সিং সুপারভাইজার পদায়ন রয়েছে। তারা এ সব বিষয় তাৎক্ষনিক দাপ্তরিক যোগাযোগের মাধ্যমে অধিদপ্তকে অবহিত করবেন।

৩। কিন্তু রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল সংঘটিত ঘটনায় ব্যাপারে জেলা পাবলিক হেল্থ নার্স, বিভাগীয় সহকারী পরিচালক (নার্সিং), রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালের সেবা তত্ত্বাবধায়ক, উপসেবা তত্ত্বাবধায়কগণ দাপ্তরিক, টেলিফোনিক, মৌখিক বা বিশেষ কোন বাহক মারফত এ বিষয়ে অধিদপ্তরকে অবহিত করেনি। ফলে বর্নিত ঘটনার বিষয়ে অধিদপ্তর সন্দিহ্ধ এবং যথাযথভাবে ওয়াকিবহাল নন। এ জন্য যৌন হয়রানির কবলে পড়া সিনিয়র স্টাফ নার্সের সুরক্ষায় বিষয়ে অধিদপ্তর কোন কার্যকর পদক্ষেপ গ্রহন করতে পারছেনা। বর্ণিত কর্মকর্তাদের এ ধরনের কর্মকান্ড তথা অধিদপ্তরকে যথাসময়ে অবহিত না করা দায়িত্বে চরম অবহেলা, অদক্ষতা ও প্রশাসনিক শৃঙ্খলা ভঙ্গের শামিল যা অসদাচরণ হিসেবে গণ্য। এর সুরাহা হওয়া কল্পে তথায় সংঘটিত ঘটনার বিষয়ে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর প্রকৃত ঘটনার অবহিত হওয়া প্রয়োজন।

৪। এমতাবস্থায়, রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালের একজন সিনিয়র স্টাফ নার্সকে যৌন হয়রানির বিষয়ে প্রকাশিত ঘটনা সরেজমিনে তদন্ত করে তদন্ত রির্পোটসহ জেলা পাবলিক হেল্থ নার্স ও বিভাগীয় সহকারী পরিচালক (নার্সিং) এবং রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালের সেবা তত্ত্বাবধায়ক ও উপসেবা তত্ত্বাবধায়ককে আগামী ০২-০২-২০২১ খ্রিঃ তারিখে স্ব-শরীরে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা হাজির থাকার জন্য নির্দেশক্রমে বলা হলো।

সংযুক্তিঃ ---------- ফর্দ।

২৬/০১/২০২১
মোহাম্মদ আবদুল হাই, পিএএ
উপসচিব
পরিচালক (প্রশাসন ও শিক্ষা)
ই-মেইলঃ info@dgnm.gov.bd

১। সহকারী পরিচালক (নার্সিং)
বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) এর কার্যালয়
রাজশাহী বিভাগ, রাজশাহী।

২। জেলা পাবলিক হেল্থ নার্স
সিভিল সার্জন অফিস, রাজশাহী।

৩। সেবা তত্ত্বাবধায়ক/ উপ-সেবা তত্ত্বাবধায়ক
রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল, রাজশাহী।

নং-৪৫.০৩.০০০০.০০১.৯৯.০০১.১৯-২৩১/১(৮)

তারিখঃ ১২/১০/১৪২৭ বঙ্গাব্দ
২৬/০১/২০২১ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :-
০১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০২। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০৩। অতিরিক্ত সচিব (নার্সিং ও মিডওয়াইফারি), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ, রাজশাহী।
০৬। পরিচালক, রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল, রাজশাহী।
০৭। সিভিল সার্জন, রাজশাহী।
০৮। উপপরিচালক (পিএমআইএস), (এ অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হ'ল)।

২৬/০১/২০২১
পরিচালক (প্রশাসন ও শিক্ষা)